

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৯তম জন্মবার্ষিকী ও
জাতীয় শিশু দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন**



১৭ মার্চ-২০১৯, রবিবার সকাল ৮টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাঙালি জাতির পিতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি এবং স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে (ধানমন্ডির ৩২নং সড়কস্থ) বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, রেজিস্ট্রার, পরিচালক, প্রক্টর, শিক্ষক ও শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি সহ অন্যান্য নেতৃবৃন্দের পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

এদিকে, বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হবে।